দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 17 SEP 2017 ...
পৃষ্ঠা ...১০... কলাম ...৪...

১৮ বছরে হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

দেশের উত্তরাঞ্চলে অবস্থিত হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে ১১ সেপ্টেম্বর একটি বিশেষ দিন। ১৮ বছর আগে ১৯৯৯ সালের ১১ সেপ্টেম্বর এই দিনে আধুনিক কৃষি বিজ্ঞান, কম্পিউটার সায়েন্স ও ব্যবসায় প্রশাসনসহ বিভিন্ন বিভাগে দক্ষ জনশক্তি গড়ার লক্ষ্য নিয়ে দেশের অন্যতম শ্রেষ্ঠ এই বিদ্যাপীঠের যাত্রা শুরু হয়। প্রতিষ্ঠার পর থেকেই আধুনিক শিক্ষা বিস্তারে হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্বতন্ত্র ভূমিকা পালন করে আসছে। অল্প সময়ের মধ্যেই বিশ্ববিদ্যালয়টি দেশী ও বিদেশী শিক্ষার্থীদের জন্য একটি আদর্শ বিশ্ববিদ্যালয়ে পরিণত হয়েছে।

সংক্ষিপ্ত ইতিহাস : দেশের পশ্চাৎপদ উত্তরাঞ্চলকে এগিয়ে নেয়াসহ দেশের বিজ্ঞান ও কারিগরি শিক্ষার উন্নয়নের জন্য প্রথমে ১৯৭৯ সালে একটি কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই) স্থাপন করা হয়। ১৯৮৮ সালে এটিআইকে কৃষি কলেজে উন্নীত করা হয়। কলেজটি ঐতিহাসিক তেভাগা আন্দোলনের অন্যতম ব্যক্তিত্ব হাজী মোহাম্মদ দানেশের নামে নামকরণ করা হয়।

১৯৯৯ সালের ১১ সেপ্টেম্বর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তৎকালীন ও বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা এদিন উত্তরবঙ্গে প্রথম বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়- হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর-এর ভিত্তি প্রস্তর স্থাপন করে এ বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম শুরু করেন।

অবস্থান ও ভৌত অবকাঠামো : দিনাজপুর শহর হতে ১০ কিমি. উত্তরে এবং দিনাজপুর-রংপুর-ঢাকা মহাসড়ক সংলগ্ন পশ্চিমে সুরম্য অট্টালিকা ও বহু প্রজাতির সবুজ বৃক্ষঘেরা এই দৃষ্টিনন্দন ক্যাম্পাসটি অবস্থিত। মোট ৮৫ একর জমির ওপর প্রতিষ্ঠিত হাবিপ্রবির মনোরম ও দৃষ্টিনন্দন ক্যাম্পাস। কৃষি কলেজের অবকাঠামোর ওপর ভিত্তি করে এর কার্যক্রম শুরু হলেও পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের ক্রমবর্ধমান কর্মকাণ্ড সুষ্ঠু ও পরিকল্পিতভাবে পরিচালনার জন্য আরও বেশকিছু ভৌত সুবিধাদি গড়ে উঠেছে।

বিদেশী শিক্ষার্থী : দেশের সরকারী বিশ্ববিদ্যালয়ের মধ্যে হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে সর্বোচ্চ ২০৮ জন বিদেশী শিক্ষার্থী অধ্যয়ন করছে। এসব শিক্ষার্থী নেপাল, ভারত, জিবুতি, ভুটান, সোমালিয়া ও নাইজিরিয়া থেকে এখানে পড়তে এসেছে।

বর্তমান অবস্থা : কৃষি অনুষদের অধীন বিএসসি এজি (অনার্স) প্রোগ্রামে ১৪টি শিক্ষা বিভাগে ৫৩ জন শিক্ষক, ১১ জন কর্মকর্তা, ১১০ জন কর্মচারী ৬৭ জন শ্রমিক ও পূর্ব থেকে ভর্তিকৃত ৭০০ জন ছাত্রছাত্রী নিয়ে সীমিত পরিসরে অমিত সম্ভাবনা নিয়ে এ বিশ্ববিদ্যালয়ের অগ্রযাত্রা শুরু হয়েছিল। বর্তমানে ৯টি অনুষদের আওতায় ৪৪টি শিক্ষা বিভাগের তত্ত্বাবধানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা কার্যক্রম পরিচালিত হচ্ছে। বর্তমানে ১০ হাজারের অধিক শিক্ষার্থী এখানে লেখাপড়া করছে। ২৭৬ জন শিক্ষক রয়েছেন। কর্মকর্তা রয়েছেন ১৬৪ জন এবং ৩২৬ জন কর্মচারী রয়েছেন।

নানা কর্মসূচী ও উৎসবমুখর পরিবেশে ১৮তম বিশ্ববিদ্যালয় দিবসটি উদযাপন করেছে হাবিপ্রবি পরিবার। গত সোমবার বেলা ১১টায় বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মু. আবুল কাসেম প্রশাসনিক ভবনের সম্মুখে পায়রা ও বেলুন উড়িয়ে দিবসটির শুভ উদ্বোধন করেন। এ উপলক্ষে এক বর্ণাঢ্য র‍্যালি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস প্রদক্ষিণ করে। র‍্যালি শেষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মমিনুল ইসলাম

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
ডিস্প্যাচ নং.....
তারিখ.....
পরিসংখ্যান বিভাগ
ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর